



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০২৪৭৭৭৮৭৮৮১

Web: www.chuadangapouroushava.org/, E-mail: chuadangapourasava@lgd.gov.bd

স্মারক নং- চুয়াঃ পৌঃ/স্থায়ী/কমিটি গঠন-৩/২৪-২০১৮/২০২৪/ ২৭৪৪

তারিখ- ১৮/০১/২৪ খ্রিঃ

প্রজ্ঞাপন

স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার ইং ০২/০১/২০১৩ তারিখের ৪৬.০৬৩.০২২.০১.০০.০০১.২০১২ (অংশ-৩) ০৭ নং স্মারকে স্থানীয় সরকার (পৌরসভা) আইন-২০০৯ এর ৫৬(১) ধারার বিধান মোতাবেক আড়াই বছর মেয়াদ নির্ধারণ করে পৌরসভার স্থায়ী কমিটি গঠন ও কমিটির কার্যবলী সংক্রান্ত উপ-আইন মালা প্রণয়ন করেছে। বিধিমালা অনুসরণ করে অত্র পৌরসভার “সংস্থাপন ও অর্থ” বিষয়ক স্থায়ী কমিটি পুনঃ গঠন করা হলো।


(ক) সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি :

ক্রঃ নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	জনাব ডাঃ মোঃ সাজ্জাত হাसान	সিভিল সার্জন, চুয়াডাঙ্গা ও সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা	সভাপতি
০২	জনাব শারমিন আক্তার	প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা	সদস্য
০৩	জনাব মোঃ মহসীন	নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা ও সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা	সদস্য
০৪	জনাব অহীন্দ্র কুমার মন্ডল	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা ও সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা	সদস্য
০৫	জনাব মাকসুра জান্নাত	উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা	সদস্য

জনাব এস এম রেজাউল করিম, পৌর নির্বাহী কর্মকর্তা, চুয়াডাঙ্গা পৌরসভা অত্র কমিটিতে সাচিবিক দায়িত্ব পালন করবেন।

কমিটির কার্যপরিধি-

১. পৌরসভার পরিচালন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি তথা পৌরসভার কাজকর্ম ও সেবার মান বাড়ানোর ব্যাপারে গতিশীলতা আনয়নের জন্য সকল শূন্য পদসমূহে কর্মকর্তা/ কর্মচারী নিয়োগ করার পদক্ষেপ গ্রহন করা।
২. যে সকল পদে ইতিমধ্যে পদোন্নতির সুযোগ সৃষ্টি হয়েছে সেই সকল পদে যোগ্য ব্যক্তিদের পদোন্নতি প্রদানের ব্যবস্থা গ্রহন করা;
৩. বাৎসরিক ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারী কর্মোদ্যোগ, দক্ষতা ও যোগ্যতা মূল্যায়ন করা;
৪. কর্মকর্তা/ কর্মচারী কর্ম বন্টন অনুযায়ী যথাযথভাবে দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করা;
৫. কর্মকর্তা/কর্মচারীসহ অন্যান্য সকলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহন করা;
৬. আয়ের সঙ্গে ব্যয়ের সঙ্গতি বজায় রেখে পৌরসভার বার্ষিক বাজেট প্রণয়নে সাহায্য করা;
৭. রাজস্ব আয় বৃদ্ধির পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের কৌশল নির্ধারিত করা;
৮. পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে পৌর তহবিলের কিছু অংশ বিভিন্ন আয় বৃদ্ধিমূলক কর্মকান্ডে বিনিয়োগের পরিকল্পনা প্রস্তুত করা;
৯. সুশাসন প্রতিষ্ঠাকল্পে পৌরসভার সকল কার্যক্রমে তথ্য প্রযুক্তি (ই-গভর্নেন্স) চালু করণের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের দিক নির্দেশনা প্রদান করা;
১০. সরকারি ও অন্যান্য প্রতিষ্ঠানের নিকট পৌরসভার সকল দায়-দেনা নির্ধারণ করিয়া তাহা আদায়ে পৌর পরিষদকে সহায়তা করা;
১১. পৌর তহবিল ব্যয়ের স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য সকল ব্যয় সমন্বয়মত নিরীক্ষায় ব্যবস্থা করা;
১২. নূতন পুরাতন সকল নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহন করা;
১৩. পৌর পরিষদের সংস্থাপন ও অর্থ সংক্রান্ত কাজে পরামর্শ প্রদান করা।


(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা।

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে-

০১. প্রকল্প পরিচালক, IUGIP, এলজিইডি ভবন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
০২. জনাব.....সভাপতি/সদস্য সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।